ইত্তেফাক

তারিখ ... 14/11/79 ...
পৃষ্ঠা ... কলাম ...

89

# বেসরকারী শিক্ষকদের প্রতীক ধর্মঘট পালন

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ৫ দফা দাবীর ভিত্তিতে দেশব্যাপী বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকগণ গতকাল (মঙ্গলবার) প্রতীক ধর্মঘট পালন করেন। ফেডারেশনের এক প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয় যে, দেশের ৮ হাজার ৯ শত বেসরকারী স্কুল, ৫ শত ৫১টি বেসরকারী কলেজ এবং আড়াই হাজার বেসরকারী মাদ্রাসায় গত দুইদিন সাফল্যজনকভাবে পূর্ণ ধর্মঘট পালিত হয়।

ঢাকা নগরীতে বেশীর ভাগ বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় ধর্মঘট চলে। তবে সেণ্ট্রাল উইমেন্স কলেজ, সোহরাওয়ার্দী কলেজ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, তেজগাঁও কলেজ, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুলসহ কতকগুলি শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মঘট পালিত হইতে দেখা যায় নাই।

সিদ্ধেশ্বরী গার্লস কলেজের অধ্যক্ষা বলেন, তিনি কলেজের ছাত্রীদের পড়ালেখার বিষয় চিন্তা করিয়া বিশেষভাবে আসন্ন ফাইনাল পরীক্ষার্থীদের কথা বিবেচনা করিয়া ক্লাস অব্যাহত রাখিয়াছেন।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বায়ক মওলানা আবদুল মান্নানসহ ৬ জন নেতা এক বিবৃতিতে বলেন "মহানগরীতে সর্বমোট ২৫টি বেসরকারী কলেজ আছে এবং ফেডারেশনের আহ্বানে মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালিত হইয়াছে।"

বাংলাদেশ জমিয়াতুল মোদাররেসীনের দুইজন নেতা এক বিবৃতিতে 'ধর্মঘট হয় নাই' এইরূপ বক্তব্য প্রদানকারীদের অপপ্রচারে বিভ্রান্ত না হইয়া আন্দোলনকে আগাইয়া নেওয়ার জন্য আহ্বান জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান) সভাপতি জনাব কামরুজ্জামান ও সাধারণ সম্পাদিকা মিসেস হেনা দাস এক বিবৃতিতে শিক্ষকদের ৭ দফা দাবী আদায়ের লক্ষ্যে তাঁহাদের সংগঠনের সহিত যৌথ আন্দোলনের কর্মসূচী গ্রহণের জন্য অন্যান্য শিক্ষক সংগঠনের প্রতি আহ্বান জানান।